



মোঃ মোশুতাক হাসান, এনডিসি
চেয়ারম্যান, বিসিক

জনাব মোঃ মোশুতাক হাসান, এনডিসি ১৪ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন এর চেয়ারম্যান পদে যোগদান করেন। গত ৩১ বছর চাকুরি জীবনে তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিবালয় এবং মাঠ প্রশাসনের গুরুত্বপূর্ণ পদে অতিরিক্ত সচিব, যুগ্ম সচিব, উপসচিব, উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার, হিসেবে দায়িত্ব পালন করেন।

তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের মাৎস্য বিজ্ঞান অনুষদ হতে ১৯৮৪ সনে বি.এস.সি অনার্স ডিগ্রি এবং ১৯৮৫ সনে মাস্টার্স ডিগ্রি অর্জন করেন। পরবর্তীতে তিনি ভারত থেকে ডিপ্লোমা এবং ন্যাশনাল ডিফেন্স কলেজ থেকে এনডিসি ডিগ্রি অর্জন করেন। তিনি বি.সি.এস, ১৯৮৬ ব্যাচের (৮ম) প্রশাসন ক্যাডারের একজন কর্মকর্তা। প্রশাসন ক্যাডারে যোগদানের পূর্বে তিনি জনতা ব্যাংকে সিনিয়র অফিসার হিসেবে কর্মরত ছিলেন। বি.সি.এস প্রশাসন ক্যাডারে রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয়ে যোগদানের পর তিনি জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও এ যোগদান করেন। তাছাড়া, তিনি রিফুজি রিলিফ কমিশনারের কার্যালয় এবং রোহিঙ্গা শরণার্থী শিবির, কক্সবাজার এ দায়িত্ব পালন করেন। তিনি স্থানীয় সরকার বিভাগে বিভিন্ন শাখায় দায়িত্ব পালনসহ সচিবের একান্ত সচিব হিসেবে কাজ করেন। মাঠ পর্যায়ে তিনি উপজেলা নির্বাহী অফিসার হিসেবে কিশোরগঞ্জ জেলার করিমগঞ্জ উপজেলাতে দায়িত্ব পালন করেন। তিনি ইউএনডিপি এবং সুইস ফাউন্ডেশন ফর টেকনিকেল কো-অপারেশন নামক প্রতিষ্ঠানে ৬ বছরের অধিক সময় লিয়েনে দায়িত্ব পালন করেন। তিনি শিক্ষা মন্ত্রণালয়ধীন উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্পে প্রজেক্ট ম্যানেজমেন্ট, মনিটরিং ও ইভালুয়েশন উইং এর প্রধান হিসেবে কাজ করেন। তিনি বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ এবং রপ্তানী উন্নয়ন ব্যুরোতে মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। বিসিক এর চেয়ারম্যান পদে যোগদানের পূর্বে তিনি স্বাস্থ্য সেবা বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) হিসেবে কর্মরত ছিলেন।

তিনি ময়মনসিংহ জেলাধীন ত্রিশাল উপজেলার সাখুয়া ইউনিয়নের সাখুয়া গ্রামে সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। ব্যক্তি জীবনে তিনি এক পুত্র সন্তানের জনক।

পেশাগত দায়িত্ব পালনের জন্য তিনি ভারত, মিশর, চীন, দক্ষিণ কোরিয়া, জাপান, থাইল্যান্ড, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, ফিলিপিন্স, শ্রীলংকা, ওমান, যুক্তরাজ্য সুইডেন, জার্মানী, ডেনমার্ক, অস্ট্রিয়া, স্পেন, গ্রিস, মার্কিন যুক্তরাষ্ট্র ভ্রমণ করেন। একজন পেশাদার আমলা হিসেবে তিনি সব সময় নিষ্ঠা ও সততার সাথে দায়িত্ব পালন করার চেষ্টা করেন।